



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০২০/১৪৭/৬

তারিখ: ১৫/০১/২০২১ খ্রি:

বিষয়ঃ কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন মোল্লাকান্দি লালমিয়া পাইলট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ও সভাপতির জবাব প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ
১. দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় এর স্মারক নং-০০.০১.০০০০.৫০৬.২৬.২০৪.১৯-২১৯৫৯; তারিখ: ৩০/০৫/২০১৯ খ্রি.
 ২. পরি/আ:শি:অ:/কু:অ:/তদন্ত/২৯/২০১৭/৬৪১, তারিখ: ৩১/১০/২০১৯ খ্রি.
 ৩. মাউশির স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৩.২০১৯/৭৩৯৩, তারিখ: ২৩/০১/২০২০ খ্রি.
 ৪. দুদকের স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.২০৪.১৯-২৪১৪৭, তারিখ: ২৫/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা, বাংলাদেশ এর সূত্রোক্ত ১ নং পত্রে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন মোল্লাকান্দি লালমিয়া পাইলট স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে ব্যাপক অনিয়ম, স্বৈচ্ছাচারিতা ও অর্থ আত্মসাৎ, অদক্ষতা, ক্ষমতা অপব্যবহারের বিষয়ে জনাব আলহাজ্ব মোঃ নজরুল ইসলাম-এর অভিযোগের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করেন। মাউশির সূত্রোক্ত ৩ নং স্মারকে তদন্ত কর্মকর্তার পর্যালোচনার বিষয় উল্লেখ করে দুর্নীতি দমন কমিশনের পত্রের জবাব প্রেরণ করা হয়। সেই প্রেক্ষিতে সূত্রোক্ত ৪ নং সূত্র মোতাবেক কমিশন কর্তৃক সিদ্ধান্ত অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও বিধি ভঙ্গকারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতঃ কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের পর্যালোচনা:

- ১। ২০১৪-২০১৭ সাল পর্যন্ত বিধি মোতাবেক ৩,৮৪,৮২,৮৬০/- (তিন কোটি চুরাশি লক্ষ বিরাশি হাজার আটশত ষাট) টাকা খরচ করা হয়েছে। ক্যাশ বইয়ে লিপিবদ্ধ না করে এবং ব্যাংক হিসাবে জমা না দিয়ে ২৮,৫২,১১২/- টাকা সভাপতির কাছ থেকে নিয়ে কলেজ শাখায় উন্নয়ন ও বিভিন্ন খাতে নগদ খরচ করার বিষয়টি বিধিসম্মত হয় নাই।
 - ২। হোস্টেল ভবন নির্মাণ কম্পিউটার ল্যাব, লাইব্রেরী স্থাপন, কলেজ ভবন নির্মাণ ব্যয়ের ক্ষেত্রে PPR ও PPA অনুসরণ করা হয় নি।
 - ৩। পত্রিকা বিজ্ঞপ্তি ও ইন্টারভিউ ব্যতীত শুধুমাত্র গভর্ণিং বডির রেজুলেশনের মাধ্যমে অধ্যক্ষের নিয়োগের বিষয়টি বিধিসম্মত নয়। এক্ষেত্রে প্রতিষ্ঠানটিতে শীঘ্রই বিধি মোতাবেক যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে একজন অধ্যক্ষ নিয়োগ দেয়া উচিত।
- এমতাবস্থায়, প্রতিবেদনের সাথে একমত পোষণ করে বর্ণিত বিষয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী

১৫/০১/২১

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

মোল্লাকান্দি লালমিয়া পাইলট স্কুল এন্ড কলেজ
দাউদকান্দি, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, মোল্লাকান্দি লালমিয়া পাইলট স্কুল এন্ড কলেজ, দাউদকান্দি, কুমিল্লা;
- ৩। পরিচালক (বি:অনু: ও তদন্ত-১), দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ;
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাউদকান্দি, কুমিল্লা।
- ৬। সংরক্ষণ কপি।